গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মুরাদনগর, কুমিল্লা

www.muradnagar.comilla.gov.bd

## উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মার্চ/২০২৬খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা

সভার স্থান : উপজেলা পরিষদ কবি নজরুল মিলনায়তন

তারিখ : ৩১ /০৩/২০২৬খ্রি.

সময় : সকাল: ১০:৪০ ঘটিকা

উপস্থিত সদস্য: পরিশিষ্ট- ক

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উহাতে কোন সংশোধনী না থাকায় বিনা সংশোধনীতে কার্যবিবরণী অনুমোদন করা হয়। অতপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্তসমুহ গৃহীত হয়।

১. উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে প্রাপ্ত আবেদন সংক্রান্ত তথ্যাদি:

| ক্রঃ নং | অভিযোগের ধরণ | গত মাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট | আলোচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | পেন্ডিং অভিযোগের মোট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | স্থানীয় ভাবে | কোর্ট হতে | | |
| ১. | - | - | - | - | - | - | - | - | - |

২. ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত : সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান স্থানীয়ভাবে উল্লিখিত মাসে কোনো অভিযোগ পাওয়া যায় নি এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল হতে তদন্তের জন্য কোন পত্র পাওয়া যায়নি। সভায় প্রত্যেক ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা করার জোর দেয়া হয়। ইউনিয়নের কোথাও যাতে নারী ও শিশু নির্যাতন সংঘঠিত না হয় সে ব্যাপারে সকলকে সজাগ থাকার পরামর্শ প্রদান করা এবং ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে।

৩. সিদ্ধান্তঃ সভায় মুরাদনগর থানায় করা ০৩টি মামলা এবং বাঙ্গরা বাজার থানায় করা ০১টি মামলার সঠিক তদন্ত করে আইনি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানাকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত যে যার অবস্থান থেকে নারী নির্যাতন যাতে সংঘটিত না হয় সে ব্যাপারে সজাগ থাকতে হবে এবং প্রত্যেক ইউনিয়নের চেয়ারম্যানদের ইউনিয়নে এবং ওয়ার্ডে সভা করে নারী ও শিশু নির্যাতনের কুফল ও শাস্তির বিষয়ে এলাকার জনসাধারণকে উদ্বুদ্ধ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. বাস্তবায়নঃ ১। অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা, কুমিল্লা
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

৫. ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত আবেদনের তথ্যাদি:

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | গতমাসে পেন্ডিং অভিযোগের সংখ্যা | আলোচ্য মাসে প্রাপ্ত অভিযোগর সংখ্যা | মোট | আলোচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | পেন্ডিং অভিযোগের সংখ্যা | ইউনিয়ন পর্যায়ে মাসিক সভা হয়েছে কিনা |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ২২টি ইউনিয়ন | - | - | - | - | - | হয়েছে |

৬. অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং বাংগরা বাজার থানা থেকে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার বিবরণ:

| ক্র.নং | মামলার নং তারিখ ও ধারা | মামলার সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মুরাদনগর থানার ,এফআইআর নং-৩, তারিখ- ০২ ফেব্রুয়ারি, ২০২৬; ধারা- ৭/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | জোরপূর্বক অপহরণ করার অপরাধ। | |
| ০২ | মুরাদনগর থানার ,এফআইআর নং-১০, তারিখ- ২৪ ফেব্রুয়ারি, ২০২৬; ধারা- ৭/৯(১)/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; তৎসহ৩৭৯ পেনাল কোড, ১৮৬০; | শিশুকে অপহরণ পূর্বক ধর্ষণ ও সহায়তা করাসহ চুরি করার অপরাধ | |
| ০৩ | মুরাদনগর থানার ,এফআইআর নং-১১, তারিখ- ২৭ ফেব্রুয়ারি, ২০২৬; ধারা- ৭/৩০ নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | জোরপূর্বক শিশু অপহরণ ও সহায়তা করার অপরাধ। | |
| ০৪ | বাঙ্গরা বাজার থানার ,এফআইআর নং-২, তারিখ- ০৬ ফেব্রুয়ারি, ২০২৬; ধারা- ১১(খ) নারী ও শিশু নির্যাতন দমন আইন,২০০০ ; | যৌতুকের জন্য বাদীর পরিবার ও আত্মীয়-স্বজনকে অকথ্য ভাষায় গালিগালাজ, অশালীন আচরণ করতঃ উক্ত আচরণের প্রতিবাদ করিলে কালো রঙের ভারী টর্চ লাইট দ্বারা হত্যার উদ্দেশ্যে বাদীর মাথার পিছনে সজোরে আঘাত করেন, যাহাতে বাদীর মাথা রক্তাক্ত ও গুরুতর জখম হয়। বিবাদীর প্রচণ্ড আঘাতে বাদী অজ্ঞান হইয়া মাটিতে পড়িয়া গেলে বিবাদী পুনরায় উক্ত টর্চ লাইট দ্বারা বাদীকে এলোপাতাড়ি মারপিট করিয়া শরীরের বিভিন্ন স্পর্শকাতর স্থানে নীলাফুলা ও জখম সৃষ্টি করার অপরাধ। | |

৭. সিদ্ধান্তঃ নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচাজ বাংগরা বাজার থানাকে অনুরোধ করা হয়।

৮. বাস্তবায়নঃ অফিসার ইনচার্জ মুরাদনগর থানা এবং অফিসার ইনচার্জ বাঙ্গরা বাজার থানা।

৯. নারী ও শিশু পাচার সংক্রান্ত তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | মামলার নং তারিখ ও ধারা | অপহৃত নারী ও শিশুর সংক্ষিপ্ত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | - | - | - | - |

১০.উদ্বুদ্ধকরন সভার তথ্যাদিঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা | উদ্বুদ্ধকরন সভার বিষয় | উদ্বুদ্ধকরন সভার উপস্থিতির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১১নং রামচন্দ্রপুর দক্ষিণ এবং ২০নং পাহাড়পুর ইউনিয়ন | ০৩ | নারী নির্যাতন, বাল্যবিবাহ প্রতিরোধ এবং ইভটিজিং সম্পর্কে সচেতন করা ইত্যাদি | ১০০জন | |

১১. উঠান বৈঠক সংক্রান্ত তথ্যাদিঃ

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | আলোচনা | মন্তব্য |
|---|---|---|---|
| মুরাদনগর | ২০নং পাহাড়পুর ইউনিয়ন | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে ২০নং পাহাড়পুর ইউনিয়ন পরিষদ ১২.০৩.২০২৬ তারিখ উঠান বৈঠকের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় সংশ্লিষ্ট ইউপি মেম্বার ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নারী ও শিশু নির্যাতন আইন সংক্রান্ত বিষয়ে উপকারভোগীদের মধ্যে সচেতনতা সৃষ্টি করা হয়। | |

অতঃপর সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৪/২৬

এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

০১/০৪/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা

স্মারকনং ৩২.০১.১৯৮১.০০০.০৬.০৩৬.১৭- ৪৭ তারিখঃ ৩১/০৩/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুমিল্লা
০২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০৪। উপজেলা............................................মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান.........................................মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব................................................মুরাদনগর, কুমিল্লা

Alhwal ৩১/০৩/২০২৬

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
মুরাদনগর, কুমিল্লা

৩১/০৩/২০২৬